



বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

২০৫, কাজলার পাড় (ভাঙ্গাপ্রেস), যাত্রাবাড়ী, ঢাকা-১২৩৬

তারিখ : ০১-১২-১৪৪৭ হিজরি
১৯-০৫-২০২৬ ঈসাদ

পুরস্কার উত্তোলন-সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেফাকভুক্ত মাদরাসাসমূহের যেসকল ছাত্র-ছাত্রী ১৪৪৭ হি./২০২৬ ঈ.-তে অনুষ্ঠিত ৪৯তম কেন্দ্রীয় পরীক্ষায় অংশগ্রহণ করে মেধা-তালিকায় স্থান পেয়েছে, তাদের মেধা বৃত্তির পুরস্কার প্রদান কার্যক্রম আগামী ০২-১২-১৪৪৭ হিজরি মোতাবেক ২০-০৫-২০২৬ ঈসাদ হতে শুরু হয়ে ৩০ জিলহজ ১৪৪৯ হিজরি পর্যন্ত চলবে। এ সময়ের মধ্যে পুরস্কার প্রাপ্তরা উত্তোলন করতে পারবে। পুরস্কার উত্তোলনের জন্য নিম্নলিখিত নিয়মাবলি অনুসরণ করতে হবে-

১. বেফাকের ওয়েবসাইট/ফেসবুক পেজ হতে “পুরস্কার উত্তোলনের আবেদন ফরম” ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বেফাক অফিস হতেও সরাসরি ফরম নেওয়া যাবে।
২. আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনকারী যে মাদরাসা হতে পরীক্ষা দিয়েছে, সে মাদরাসার মুহতামিম/নাযেমে তা’লীমাত সাহেবের স্বাক্ষর ও সিল আবেদন ফরমের নির্ধারিত স্থানে থাকতে হবে অথবা প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি জমা দিতে হবে।
৩. বিগত ১৪৪১ হি./২০২০ ঈ.-এর পূর্ববর্তী পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদন ফরমের সাথে আবেদনকারীর প্রবেশপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

বি. দ্র. ১৪৪৭ হিজরির পূর্বে বেফাক-এর কেন্দ্রীয় পরীক্ষায় অংশ গ্রহণকারী যেসকল পরীক্ষার্থী মেধা-তালিকায় স্থান পেয়েছে, ৩০ জিলহজ ১৪৪৯ হিজরি তারিখের মধ্যে তাদের বকেয়া বৃত্তির পুরস্কার উত্তোলন করে নিতে হবে। উক্ত তারিখের পর আর উত্তোলনের সুযোগ থাকবে না।

(মাওলানা উবায়দুর রহমান খান নদভী)

প্রধান পরিচালক

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

